

ত্রিপুরা সরকার  
তথ্য ও সংস্কৃতি অধিকার

\*\*\*\*\*

স- ১৫২৭

আগরতলা, ১৬ অক্টোবর, ২০২৪

শান্তি ও শৃঙ্খলা রক্ষায় সমগ্র কাঞ্চনপুর মহকুমায় ১৬৩ ধারা

উত্তর ত্রিপুরা জেলার সমগ্র কাঞ্চনপুর মহকুমায় শান্তি, শৃঙ্খলা, নিরাপত্তা ও সম্প্রীতি অটুট রাখতে ভারতীয় নাগরিক সুরক্ষা সংহিতা ২০২৩-এর ১৬৩ নং ধারায় জনসাধারণের চলাচলের উপর বিধিনিষেধ আরোপ করা হয়েছে। এই বিধিনিষেধ গতকাল ১৫ অক্টোবর, ২০২৪ থেকে বলবৎ হয়েছে এবং আগামী ১৭ অক্টোবর, ২০২৪ পর্যন্ত তা কার্যকর থাকবে। কাঞ্চনপুর মহকুমার মহকুমা শাসক ড. দীপক কুমার এক আদেশে এই বিধিনিষেধ আরোপ করেছেন। আদেশে বলা হয়েছে এই বিধিনিষেধ সামরিক/আধা সামরিক/রাজ্য পুলিশের জওয়ানদের ক্ষেত্রে যারা আইন শৃঙ্খলা রক্ষায় নিযুক্ত রয়েছেন তাদের ক্ষেত্রে কার্যকর হবেনা। তাছাড়া উত্তর ত্রিপুরা জেলার পুলিশ সুপার, কাঞ্চনপুর মহকুমার মহকুমা পুলিশ আধিকারিক এবং কাঞ্চনপুর মহকুমার মহকুমা শাসকের বৈধ অনুমতিপ্রাপ্ত ব্যক্তি, জরুরী সরকারি কাজে নিযুক্ত সরকারি কর্মচারি, তাৎক্ষণিক চিকিৎসা প্রয়োজন এমন ব্যক্তিদের ক্ষেত্রেও এই আদেশ প্রযোজ্য হবেনা। এই আদেশ অমান্য করলে বিএনএস, ২০২৩-এর ২২৩নং ধারায় শাস্তিমূলক ব্যবস্থা নেওয়া হবে।

এই আদেশে জনসাধারণের জন্য জরুরী কাজে কয়েকটি হেল্পলাইন নম্বর দেওয়া হয়েছে। এই হেল্পলাইন নম্বরগুলি হলো স্বাস্থ্য পরিষেবার জন্য- ১০২/১১২ (সেন্ট্রাল হেল্পলাইন) এবং ৮৪১৩৯৯১৭৮৭ (কাঞ্চনপুর মহকুমা হাসপাতাল)। ফায়ার সার্ভিসের হেল্পলাইন - ০৩৮২৪২৬৫২৪০। অন্যান্য জরুরী কাজে হেল্পলাইন নম্বর হচ্ছে ১১২।

\*\*\*\*\*